

# আই এল ও কনভেনশন ১৯০

## কাজের দুনিয়ায় সহিংসতা ও হয়রানী সংক্রান্ত

## আসুন সি ১৯০-এর অনুমোদন এর জন্য প্রচারনা চালাই

ইউনিয়ন হিসেবে এটা সুনিশ্চিত করতে আমাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে যে এই কনভেনশনে কাগজ থেকে বাস্তবিকতায় পরিবর্তিত হোক।
**আমাদের একসঙ্গে কাজ করার প্রয়োজন রয়েছে** যাতে সদস্য রাষ্ট্রগুলি এই কনভেনশন অনুমোদন করে এবং একে নিজেদের জাতীয় আইনের অংশ করে তোলে

### ইউনিয়নগুলি কি করতে পারে

- সচেতনতা বাড়াতে এবং ইউনিয়নে সদস্যদের শিক্ষিত করে তোলা।
- প্রত্যেক দেশে সি ১৯০ এর অনুমোদনের জন্য সক্রিয় অভিযান চালানো।
- কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানীর প্রশ্ন নিয়ে সংগঠিত করা।
- কর্মস্থলে সহিংসতা এবং হয়রানী সমাপ্ত করতে সহায়তার জন্য অন্যান্য ট্রেড ইউনিয়ন, জাতীয় কেন্দ্র এনজিও এবং বিশেষ করে মহিলা অধিকার সংক্রান্ত গোষ্ঠীগুলির সঙ্গে জোট তৈরী করা।
- অনুমোদনের সমর্থনের জন্য কাঠামো বিকাশ করা।

**অভিযান সংক্রান্ত অন্যান্য সামগ্রী আপনি এখানে পেতে পারেন :**

ইউ এন আই গ্লোবাল ইউনিয়ন www.breakingthecircle.org
পি এস আই www.publicservices.international/campaigns/stop-gender-based-violence-at-work?id=5676&lang=en
আই ইউ এফ www.iuf.org/show.php?lang=en&tid=82
আই ডি ডব্লিউ এফ www.idwfed.org/en/campaigns/c190
ইন্ডাস্ট্রিঅল www.industriall-union.org/women-0
আই এফ জে www.ifj.org/what/gender-equality.html

## এটা জীবন বদলে দিতে পারে

**কাজের দুনিয়ায় সহিংসতা আর হয়রানী সব স্থানে হতে পারে** - অনলাইন, বাস্তবিক কর্মস্থল, যাতায়াতের সময়, যেখানে কর্মচারীরা বিশ্রাম নেয়, খাবার খায় বা স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার প্রয়োজন পুরো করে এবং সেই সঙ্গে সামাজিক সমাবেশেও।

### আমরা এগুলি প্রতিরোধ করতে পারি!

জুন ২০১৯ এ আন্তর্জাতিক শ্রম সম্মেলন যুগান্তকারী আন্তর্জাতিক উপকরণ, কনভেনশন ১৯০ (সি ১৯০) এবং সুপারিশ ২০৬ (আর ২০৬) গ্রহণের মাধ্যমে কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানী বন্ধ করার আহ্বান জানিয়েছে।

এই নতুন কনভেনশন সমস্ত শ্রমিক-ইন্টার্ন, এ্যাপ্রেন্টিস, প্রশিক্ষণের লোক, যে সব শ্রমিকের কাজ সমাপ্ত করে দেওয়া হয়েছে, ভলেন্টিয়া এবং কাজ খুঁজছেন যারা তাদের চুক্তিভিত্তিক অবস্থা সত্বেও সকলের সুরক্ষা প্রদান করে থাকে।

- এতে জেন্ডার ভিত্তিক সহিংসতার প্রতি কঠোর দৃষ্টি দেওয়া হয়েছে। কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানীর ফলে মহিলারা বেশি প্রভাবিত হয়ে থাকে
- এটি সার্বজনিক এবং ব্যক্তিগত, গ্রামীন এবং শহুরে, আনুষ্ঠানিক এবং ঘরোয়া অর্থব্যবস্থার সকল ক্ষেত্রকে অন্তর্ভুক্ত করে
- এর পরিধি হল কাজের দুনিয়া, যা কেবলমাত্র বাস্তবিক কর্মস্থল থেকে বৃহৎ।
- কনভেনশন ১৯০ কাউকেও পেছনে ছেড়ে যায় না।

### সি ১৯০ গুরুত্বপূর্ণ কেন ?

- কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানী সহ্য করা হবে না।
- এটি প্রথম আন্তর্জাতিক মানদন্ড যার লক্ষ্য হল কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানী সমাপ্ত করা।
- এটি স্বীকার করে যে সকলের সহিংসতা ও হয়রানী মুক্ত কাজের দুনিয়ার অধিকার আছে।
- কনভেনশন জাতীয় আইনের বর্তমান বৈষম্য দূর করবে।

# দৃষ্টিভঙ্গীর পরিবর্তন এবং লিংগ সমতার উন্নতি

**কাজের দুনিয়ায় আমাদের সকলকে - সরকার, নিয়োগকর্তা এবং শ্রমিক-পারস্পরিক সম্মান এবং মর্যাদার ভিত্তিতে কর্ম সংস্কৃতি প্রদান এবং তা বজায় রাখতে ভুমিকা পালন করতে হবে।**

- কনভেনশন কাজের দুনিয়ায় বৈষম্য এবং অসাম্যের সঙ্গে লড়াইয়ের অর্থপর্ণ হাতিয়ার।
- কনভেনশনে বলা হয়েছে যে সরকার মহিলা, প্রবাসী, প্রতিবন্ধী এবং ইন্টারসেক্টিং পরিচয়ের লোকেদের জাতি, জনগোষ্ঠীগত অবস্থা, স্বদেশী অবস্থা, যৌন বিন্যাস এবং লিংগগত পরিচয় কে ভিত্তি বলে গণ্য না করে সকলের জন্য রোজগার এবং ব্যবসায় সমতা এবং বৈষম্যহীনতার অধিকার সুনিশ্চিতকারী আইন গ্রহণ করবে।
- কর্মস্থলের ঝুঁকি মূল্যায়ণ, যেমন কনভেনশনে যা নির্ধারিত করা হয়েছে, তা দৃষ্টিভঙ্গীর পরিবর্তনে সহায়তা করতে পারে, কারণ তারা সেই সব বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখতে পারে যা জেন্ডার ভিত্তিক সহিংসতা এবং হয়রানী (যেমন জেন্ডার, সাংস্কৃতিক এবং সামাজিক মানদন্ড)-র সম্ভাবনা বাড়ায়।
- আর সি ১৯০ তে প্রথম বার **গৃহের সহিংসতাকেও একটি উপাদান হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে যা চাকরীকে প্রভাবিত করে,** সেই সঙ্গে শ্রমিকদের স্বাস্থ্য আর সুরক্ষাকেও প্রভাবিত করে।

## সহিংসতা ও হয়রানী কি?

- সহিংসতা এবং হয়রানী পৃথক পৃথক **অগ্রহনযোগ্য আচরণ এবং প্রথা, বা হুমকী,** যা এক বা একাধিক বার হতে পারে, যার উদ্দেশ্য বা যার পরিণাম, বা যার পরিণামস্বরূপ, শারীরিক, মানসিক, যৌন বা আর্থিক লোকসান হতে পারে।
- সহিংসতা এবং হয়রানী **শারীরিক অপব্যবহার থেকে অনেক বেশি।** এটি যৌন হয়রানী, মৌখিক এবং আবেগগত অপব্যবহার, ভীতি প্রদর্শন, ধমকানো, হুমকী দেওয়া অনুসরণ করা নানা ধরণের হতে পারে। সম্পদ থেকে বা পরিসেবা পাওয়া থেকে বঞ্চিত করা বা এবং স্বাধীনতার অন্যান্য বঞ্চনাও সহিংসতার রূপ হয়ে থাকে।
- অপরাধী নিয়োগকর্তা, ম্যানেজার, সুপারভাইজার, সমকক্ষ সহকর্মী হতে পারে, সেই সঙ্গে তৃতীয় পক্ষ যেমন গ্রাহক, নিয়োগকর্তার আত্মীয় বা বন্দুবান্ধব এবং সেবা প্রদানকারীও হতে পারে।
- **সহিংসতা পুরুষ এবং মহিলা উভয়কে প্রভাবিত করে। যদিও মহিলারা তুলনামূলকভাবে বেশি প্রভাবিত করে।**
- যখন কোন ব্যক্তির সঙ্গে সহিংসতা তার সেক্স বা জেন্ডারের কারণে করা হয় তখন তাকে **জেন্ডার ভিত্তিক সহিংসতা** বলা হয়।
- তিন জন মহিলা ও মেয়ের মধ্যে একজন নিজের আর্থিক অবস্থা সত্বেও নিজের জীবনকালে সহিংসতা অনুভব করেন।

# সি ১৯০ এবং ট্রেড ইউনিয়ন- এটি আমাদের হাতিয়ার এবং আমাদের এর ব্যবহার করা উচিত

**কনভেনশন ১৯০ এর আওতাধীন :**

- পারিবারিক সহিংসতা সহ জেন্ডার ভিত্তিক সহিংসতা এবং হয়রানীকে কাজের স্থানে সুরক্ষা এবং স্বাস্থ্যের মূলধারায় নিয়ে আসা উচিত।
- নিয়োগকর্তাকে ট্রেড ইউনিয়নের পরামর্শে সহিংসতা এবং হয়রানী বন্ধ করার ব্যবস্থা নেওয়ার এবং কর্মস্থলের নীতিমালা বিকশিত করার প্রয়োজন রয়েছে।
- ট্রেড ইউনিয়নকে কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানী এবং জেন্ডার ভিত্তিক সহিংসতার বিষয়ে সহায়ক সমপদ এবং প্রশিক্ষণ দিয়ে সহায়তা করা সরকারের অবশ্য কর্তব্য।

সি ১৯০ দুটি আই এল ও সদস্য দেশগুলির দ্বারা এটি অনুমোদনের ১২ মাস পর চালু হবে। কিন্তু ইউনিয়নগুলিকে অনুমোদনের জন্য অপেক্ষা করার প্রয়োজন নেই, শ্রমিকের জীবন পরিবর্তনের জন্য আমাদের আগে থেকেই এই হাতিয়ার ব্যবহার করা উচিত।

**আই এল ও কনেভেনশন ১৯০**

**সি ১৯০ ট্রেড ইউনিয়ন এবং অন্য অংশীদারদের কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানীর সঙ্গে লড়াইয়ের জন্য এক শক্তি প্রদান করে।**

**আসুন এখন এর ব্যবহার করা যাক!**

- **প্রচারনা এবং যৌথ দরকষাকষি মাধ্যমে বৈষম্যহীনতা এবং সাম্যের উন্নতি বিধান করা ।**
- কাজের দুনিয়ায় সহিংসতা এবং হয়রানী কী সে বিষয়ে **সদস্যদের শিক্ষিত করা।**
- **সদস্যদের মধ্যে সি ১৯০ এবং এর গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়ানো।** সি ১৯০ জীবন পরিবর্তনকারী কনভেনশন যা লক্ষ লক্ষ লোককে নিরাপদ কর্মস্থল পেতে সাহায্য করবে, সমস্ত ধরনের সহিংসতা নির্মূল করবে।
- এই সব উপকরণ (সি ১৯০/অর ২০৬) **এর ভিত্তিতে যৌথ দরকষাকষি চুক্তির মধ্যে অন্তর্ভুক্ত করা।**
- এটি সুনিশ্চিত করার জন্য **নিয়োগকর্তার সঙ্গে কাজ করুন** যেন **স্বাস্থ্য ও সুরক্ষা** নীতিতে সহিংসতা ও হয়রানী এবং বিশেষভাবে জেন্ডার ভিত্তিক সহিংসতা অন্তর্ভুক্ত থাকে।
- কাজের দুনিয়ায় সহিংসতা ও হয়রানীর বিরুদ্ধে লড়াইয়ের জন্য আন্তর্জাতিক ফেডারেশনগুলিকে সহায়তা করা যেন আন্তর্জাতিক কাঠামোগত চুক্তির সমঝোতায় এই বিষয় বা ভাষা যুক্ত করতে পারে এই উপকার গুলোর (সি ১৯০/আর ২০৬) এর ভিত্তিতে